

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা ১২১৯
www.ansarvdp.gov.bd

স্মারক নং-৪৪.০৩.০০০০.০৬১.৩০.০৫৪.২২.৯৫০

তারিখঃ ২০ অগ্রহায়ণ ১৪২৯ বঙ্গাব্দ
০৫ ডিসেম্বর ২০২২ খ্রিষ্টাব্দ

বিষয় : ২০২২-২০২৩ অর্থবছরের সাধারণ আনসার মৌলিক প্রশিক্ষণ (পুরুষ) ২য় ধাপ এর নির্বাচিত প্রার্থীদের যোগদান সংক্রান্ত নির্দেশনা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সদয় অবগতি ও পরবর্তী কার্যক্রমের জন্য জানানো যাচ্ছে যে, আগামী ১৩/১২/২০২২ খ্রিষ্টাব্দ হতে ১২/০৩/২০২৩ খ্রিষ্টাব্দ পর্যন্ত ৯০ দিন মেয়াদে আনসার-ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুরে অনুষ্ঠিতব্য ২০২২-২০২৩ অর্থবছরের সাধারণ আনসার মৌলিক প্রশিক্ষণ (পুরুষ) ২য় ধাপ এর প্রশিক্ষণের জন্য নির্বাচিত প্রার্থীদের ক্ষেত্রে নিম্নলিখিত নির্দেশনা অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো।

- (ক) নির্বাচিত প্রার্থীগণ আগামী ০৮/১২/২০২২ খ্রিষ্টাব্দ হতে ১১/১২/২০২২ খ্রিষ্টাব্দের মধ্যে নিজ ব্যবস্থাপনায় কোভিড টেস্ট সম্পন্ন করবেন।
 - (খ) কোভিড নেগেটিভ প্রার্থীগণ আগামী ১২/১২/২০২২ খ্রিষ্টাব্দ অপরাহ্নে নিজস্ব খরচে নিজ জেলা কমান্ড্যান্টের তত্ত্বাবধানে আনসার ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুরে যোগদান করবেন।
 - (গ) কোভিড পজিটিভ প্রার্থীগণ সংশ্লিষ্ট জেলা কমান্ড্যান্ট এর মাধ্যমে টেস্টের সনদসহ সদর দপ্তরকে অবহিত করবেন।
 - (ঘ) কোভিড পজিটিভ কোন প্রার্থী প্রশিক্ষণ শুরুর ১৪ (চৌদ্দ) দিনের মধ্যে নেগেটিভ হওয়া সাপেক্ষে প্রশিক্ষণে যোগদান করতে পারবেন। সেক্ষেত্রে কোভিড পজিটিভ ও কোভিড নেগেটিভ উভয় টেস্টের রিপোর্ট সঙ্গে আনতে হবে।
 - (ঙ) কোভিড পজিটিভ যে সকল প্রার্থী ১৪ (চৌদ্দ) দিনের মধ্যে নেগেটিভ হবেন না তারা পরবর্তী ধাপের সাথে প্রশিক্ষণের জন্য বিবেচিত হবেন।
- ২। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ পত্র প্রেরণ করা হলো।

জেলা কমান্ড্যান্ট (সংশ্লিষ্ট)
আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী,


রাজীব হোসাইন
বিএভিঃ ১২০১০২
পরিচালক (আনসার-প্রশিক্ষণ)

স্মারক নং-৪৪.০৩.০০০০.০৬১.৩০.০৫৪.২২.৯৫০

তারিখঃ ২০ অগ্রহায়ণ ১৪২৯ বঙ্গাব্দ
০৫ ডিসেম্বর ২০২২ খ্রিষ্টাব্দ

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। অতিরিক্ত মহাপরিচালক
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।
 - ২। কমান্ড্যান্ট
আনসার-ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর।
 - ৩। উপমহাপরিচালক (প্রশাসন/প্রশিক্ষণ/অপারেশনস্)
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।
 - ৪। উপমহাপরিচালক/পরিচালক (রেঞ্জের দায়িত্ব প্রাপ্ত)
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী,
চট্টগ্রাম/রাজশাহী/রংপুর/বরিশাল/কুমিল্লা/ময়মনসিংহ রেঞ্জ।
 - ৫। উপপরিচালক (সমন্বয়) [পিএস টু ডিবি]
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।
 - ৬। আইসিটি শাখা
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।
 - ৭। অফিস/মাস্টার কপি।
- সদয় অবগতির জন্য।
- মহাপরিচালক মহোদয়ের
সদয় অবগতির জন্য।
বাহিনীর ওয়েব সাইটে প্রকাশের জন্য।


পরিচালক (আনসার-প্রশিক্ষণ)